পশ্চিমবঙ্গ সরকার

শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ

গাইঘাটা সুসংহত শিশুবিকাশ প্রকল্প

উত্তর ২৪ পরগনা

স্মারক সংখ্যা-- ১৬২/আইসিডি/গাই

তারিখ- ১১/৬/২০১৮

গাইঘাটা সুসংহত শিশুবিকাশ প্রকল্পের অঙ্গনওয়ারী কেন্দ্রগুলির জন্য কিছু সংখ্যক অঙ্গণওয়াড়ী **কর্মী** ও **সহায়িকা** পদের নিয়োগেরজন্য কেবলমাত্র মহিলা প্রার্থীদের নিকট হইতে আবেদনপত্র আহ্বান করা হইতেছে।এই নিযুক্তি সম্পূর্ণ স্বেচ্ছাসেবা মূলক এবং অস্থায়ী । এই কাজে নিযুক্ত অঙ্গনওয়াড়ী/সহায়িকা কখনই সরকারী কর্মী রূপে গন্য হইবে না।

<table>
<tr><th></th><th></th><th>অঙ্গনওয়াড়ী কর্মী</th><th>অঙ্গনওয়াড়ী সহায়িকা</th></tr>
<tr><td>০১</td><td>শূন্যপদ</td><td>৮</td><td>২৫</td></tr>
<tr><td>০২</td><td>সংরক্ষন নীতি অনুসারে শূন্যপদ</td><td>সাধারন ঃ- ২<br>তপশীলি জাতি ঃ- ১<br>তপশীলি উপজাতি ঃ- ৩<br>অন্যান্য আনগ্রসর জাতি (OBC-A) ঃ- ১<br>অন্যান্য আনগ্রসর জাতি (OBC-B) ঃ- ১<br>শারীরিক প্রতিবন্ধী ঃ- ০</td><td>সাধারন ঃ- ১০<br>তপশীলি জাতি ঃ- ৪<br>তপশীলি উপজাতি ঃ- ৮<br>অন্যান্য আনগ্রসর জাতি (OBC-A) ঃ- ২<br>অন্যান্য আনগ্রসর জাতি (OBC-B) ঃ- ১<br>শারীরিক প্রতিবন্ধী ঃ- ০
<table>
<tr><th>গ্রাম পঞ্চায়েত</th><th>UR</th><th>SC</th><th>ST</th><th>OBC-A</th><th>OBC-B</th><th>PH</th></tr>
<tr><td>ইছাপুর ২</td><td>০</td><td>১</td><td>১</td><td>১</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>চাঁদপাড়া</td><td>০</td><td>১</td><td>১</td><td>১</td><td>১</td><td>০</td></tr>
<tr><td>ঝাউডাঙ্গা</td><td>০</td><td>১</td><td>১</td><td>০</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>ফুলসরা</td><td>১</td><td>১</td><td>১</td><td>০</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>ডুমা</td><td>১</td><td>০</td><td>১</td><td>০</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>জলেশ্বর ২</td><td>০</td><td>০</td><td>১</td><td>০</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>ইছাপুর ১</td><td>০</td><td>০</td><td>১</td><td>০</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>ধরমপুর ২</td><td>০</td><td>০</td><td>১</td><td>০</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>শিমুলপুর</td><td>৩</td><td>০</td><td>০</td><td>০</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>রামনগর</td><td>২</td><td>০</td><td>০</td><td>০</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>সুটিয়া</td><td>৩</td><td>০</td><td>০</td><td>০</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>TOTAL :</td><td>১০</td><td>৪</td><td>৮</td><td>২</td><td>১</td><td>০</td></tr>
</table>
শুন্যপদের সংখ্যা পরিবর্তিত হতে পারে।<br><br>(প্রার্থীকে কেবলমাত্র সংশ্লিষ্ট গ্রামপঞ্চায়েতের বাসিন্দা হতে হবে উপরোক্ত যে সমস্ত গ্রাম পঞ্চায়েতের ক্ষেত্রে যে সকল ক্যাটাগোরীর প্রার্থীর শূন্য পদ উল্লিখিত আছে, কেবলমাত্র ঐ সকল গ্রাম পঞ্চায়েতের ঐ সকল ক্যাটাগোরীর প্রার্থীর আবেদন গ্রহন করা হবে। অন্য কোন প্রকার আবেদন গ্রহন করা হবে না ST প্রার্থীরা ব্লকের যেকোনো পন্চায়েতের বাসিন্দা হতে পারে।)</td></tr>
<tr><td>০৩</td><td>নূন্যতম শিক্ষাগত যোগ্যতা ০১.০১.২০১৮</td><td>তপশিলী জাতি,তপশিলী উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণী , প্রতিবন্ধী সহ অসংরিক্ষিত সকলের ক্ষেত্রেই নূ্যনতম শিক্ষাগত যোগ্যতা অনুমোদিত বোর্ড হইতে মাধ্যমিক বা সমতুল্য পাশ</td><td>তপশিলী জাতি,তপশিলী উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণী , প্রতিবন্ধী সহ অসংরিক্ষিত সকলের ক্ষেত্রেই ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণী পাশ।</td></tr>
<tr><td>০৪</td><td>বয়স ০১.০১.২০১৮ তারিখ</td><td>১৮ থেকে ৪৫ বছর</td><td>১৮ থেকে ৪৫ বছর</td></tr>
<tr><td>০৫</td><td>অবসর গ্রহণের বয়স</td><td>৬৫ বছর</td><td>৬৫ বছর</td></tr>
<tr><td>০৬</td><td>কার্যক্ষেত্রে ও</td><td>প্রকল্প ভিত্তিক</td><td>গ্রামপঞ্চায়েত ভিত্তিক</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ০৭ | সাম্মানিক ভাতা প্রতি মাসে | অঙ্গণওয়াড়ী কর্মীদের ক্ষেত্রে ৩০০০ (তিন হাজার ) টাকা ।তৎসহ ১৮৫০ (এক হাজার আটশত পঞ্চাশ) টাকা। | সকলের ক্ষেত্রে ১৫০০(এক হাজার পাঁচশত ) টাকা । তৎসহ ১৮৫০(এক হাজার আটশত পঞ্চাশ) টাকা। |
| ০৮ | কাজের পরিধি | (১) গ্রামাঞ্চলে বা শহরে মোটামুটি কম বেশী ১০০০ জনসংখ্যা পিছু একটি কেন্দ্রে, সেটা কোনো ক্লাবের মধ্যে বা কোনো ব্যক্তিগত গৃহে বা নিজস্ব কেন্দ্রগৃহে একটি স্থানের মাধ্যমে এই অঙ্গনওয়াড়ী কেন্দ্রের কাজ করতে হয়।<br>(২) এলাকার প্রসুতি মা, গর্ভবতী মা, ০ মাস থেকে ৬বছর পর্যন্ত শিশুদের প্রাক-প্রাথমিক শিক্ষা পরিপূরক পুষ্টি, প্রতিষেধকের ব্যবস্থা, মাতৃসভা ইত্যাদি পরিষেবা দিতে হবে।<br>(৩) কেন্দ্রের কাজ দৈনিক ছয় ঘণ্টা এবং সোম থেকে শনিবার প্রতি সপ্তাহ।<br>(৪) কেন্দ্রে রোজ রান্নাকরা খাবার শিশুদের এবং মায়েদের দেওয়ার ব্যবস্থা করতে হয়।<br>(৫) একজন সহায়িকা এ কাজের জন্য অঙ্কর্মীকে সাহায্য করেন।<br>(৬) সহায়িকার অনুপস্থিতিতে কেন্দ্রে রান্না/খাবার পরিবেশন ব্যবস্থা/রান্নার বাসন কোসন ধুয়ে মুছে রাখার ব্যবস্থাও করতে হয়।<br>(৭) অঙ্গনওয়াড়ী কেন্দ্রের নিজস্ব কাজ ছাড়াও নানা ধরনের সব কাজ যেমন নির্বাচন সংক্রান্ত, পালসপোলিও, জনগননার কাজ ইত্যাদিও মাঝে মাঝে করতে হয়। | (১) গ্রামাঞ্চলে বা শহরে মোটামুটিকম বেশী ১০০০ জনসংখ্যা পিছু একটি কেন্দ্রে, সেটা কোনো ক্লাবের মধ্যে বা কোনো ব্যক্তিগত গৃহে বা নিজস্ব কেন্দ্রগৃহে একটি স্থানের মাধ্যমে এই অঙ্গনওয়াড়ী কেন্দ্রের কাজ করতে হয়।<br>(২) এলাকার প্রসুতি মা, গর্ভবতী মা, ০ মাস থেকে ৬ বছর পর্যন্ত শিশুদের প্রাক-প্রাথমিক শিক্ষা পরিপুরক পুষ্টি, প্রতিষেধকের ব্যবস্থা, মাতৃসভা ইত্যাদি পরিষেবা দিতে হবে।<br>(৩) কেন্দ্রের কাজ দৈনিক ছয় ঘণ্টা এবং সোম থেকে শনিবার প্রতি সপ্তাহ।<br>(৪) কেন্দ্রে রোজ রান্নাকরা খাবার শিশুদের এবং মায়েদের দেওয়ার ব্যবস্থা করতে হয়। কেন্দ্রের রান্নাকরা খাবার পরিবেশন করা, বাসন কোসন ধোওয়া মোছা, কেন্দ্র পরিষ্কার পরিচ্ছন্ন রাখার সব দায়িত্ব সহায়িকার।<br>(৫) অঙ্গনওয়াড়ী কর্মীর অনুপস্থিতীতে সহায়িকাকে কর্মীর অন্যান্য কাজও করতে হয়। |
| ০৯ | প্রশিক্ষন | নিয়মানুযায়ী প্রতিটি প্রশিক্ষন নেওয়া বাধ্যতামূলক | প্রশিক্ষন নিয়মানুযায়ী প্রতিটি প্রশিক্ষন নেওয়া বাধ্যতামূলক |
| ১০ | বাসিন্দা | প্রকল্প এলাকার স্থায়ি বাসিন্দা হইতে হইবে। | যে গ্রাম পঞ্চায়েতে শূন্যপদ সেই পঞ্চায়েতে স্থায়ী বাসিন্দা হইতে হইবে। ST প্রার্থীরা ব্লকের যেকোনো পন্চায়েতের বাসিন্দা হতে পারে। |
| ১১ | পরীক্ষা পদ্ধতি ও পাঠ্যক্রম | লিখিত পরীক্ষা-৯০(নব্বই) নম্বর<br>১। মাতৃভাষায়১৫০ শব্দের রচনা (অষ্টম শ্রেণী মান) -১৫ নম্বর<br>২। পার্টিগণিত (অষ্টম শ্রেণী মান) - ২০ নম্বর<br>৩। জনস্বাস্থ্য পুষ্টি ও নারীদের অবস্থান সম্পর্কিত বিষয় -১৫ নম্বর<br>৪। ইংরাজী ভাষা সমপর্কে সাধারন এবং প্রাথমিক জ্ঞান এবং ইংরাজীতে অনুবাদ ইত্যাদি - ২০ নম্বর।<br>৪। সাধারণ জ্ঞান সম্পর্কিত বিষয় - ২০ নম্বর<br>এছাড়া মৌখিক পরীক্ষা-১০ নম্বরের। | লিখিত পরীক্ষা-৯০(নব্বই) নম্বর<br>১। মাতৃভাষায়১৫০ শব্দের রচনা (অষ্টম শ্রেণী মান) -১৫ নম্বর<br>২। পার্টিগণিত (অষ্টম শ্রেণী মান) - ২০ নম্বর<br>৩। জনস্বাস্থ্য পুষ্টি ও নারীদের অবস্থান সম্পর্কিত বিষয় -১৫ নম্বর<br>৪। ইংরাজী ভাষা সমপর্কে সাধারন এবং প্রাথমিক জ্ঞান এবং ইংরাজীতে অনুবাদ ইত্যাদি - ২০ নম্বর।<br>৪। সাধারণ জ্ঞান সম্পর্কিত বিষয় - ২০ নম্বর<br>এছাড়া মৌখিক পরীক্ষা-১০ নম্বরের। |
| ১২ | দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ | ১৩/০৭/২০১৮ (বিকেল ৩ টে পর্যন্ত ) | |
| ১৩ | জমা দেওয়ার উপায় ও নিয়ম | গাইঘাটা শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণে ১৮০৬.২০১৮ থেকে ১৩.০৭.২০১৮ তারিখ পর্যন্ত দুপুর ১২টা থেকে বিকাল ৩টা পর্যন্ত যে কোন সরকরি কাজের দিনে প্রার্থীর নাম, ঠিকানা, গ্রাম পঞ্চায়েতের নাম এবং পদের নাম খামের উপরে উল্লেখ করিয়া জমা দিতে হবে।এছাড়া ডাকযোগে উপরোক্ত ঠিকানায় ১৩.০৭.২০১৮ এর মধ্যে আবেদন পত্র পাঠানো যাবে, উল্লিখিত ডাক গোলযোগের কোন রকম দায় অফিসের নয়। কেবলমাত্র অফিস থেকে অথবা জেলা | |

| | | |
|---|---|---|
| ১৪ | লিখিত পরীক্ষার প্রবেশ পত্র | লিখিত পরীক্ষার প্রবেশ পত্র যথাসময়ে ডাক যোগে প্রেরণ করা হইবে। যে সমস্ত আবেদনকারিণী লিখিত পরীক্ষার প্রবেশ পত্র নির্দিষ্ট তারিখের মধ্যে ডাকযোগে পাইবেন না কেবলমাত্র সেই সমস্ত প্রার্থীকে গাইঘাটা শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ হতে প্রদত্ত রসিদ এবং অন্যান্য উপযুক্ত প্রমাণের ভিত্তিতে বিকল্প প্রবেশ পত্র দেওয়া হইবে । এই প্রবেশ পত্র শুধুমাত্র আবেদনকারিণীকেই দেওয়া হইবে , অন্য কোন অনুমোদিত ব্যাক্তিকে দেওয়া হইবে না। এই প্রবেশ পত্র ২৩/০৮/২০১৮ ও ২৪/০৮/২০১৮ তারিখদুপুর ১২টা থেকে বিকাল ৩টা পর্যন্ত বিতরণ করা হবে। |
| | মৌখিক পরীক্ষার প্রবেশ পত্র | লিখিত পরীক্ষায় সফল পরীক্ষার্থীণিকেই কেবলমাত্র ডাক যোগে মৌখিক পরীক্ষার প্রবেশপত্র প্রেরণ করা হইবে ।লিখিত পরীক্ষায় সফল যে সমস্ত আবেদনকারিণী নির্দিষ্ট তারিখের মধ্যে ডাকযোগে মৌখিক পরীক্ষার প্রবেশ পত্র পাইবেন না , কেবলমাত্র সেই সমস্ত প্রার্থীকে গাইঘাটা শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ হতে প্রদত্ত রসিদ এবং অন্যান্য উপযুক্ত প্রমাণের ভিত্তিতে বিকল্প প্রবেশ পত্র দেওয়া হইবে । এই প্রবেশ পত্র শুধুমাত্র আবেদনকারিণীকেই দেওয়া হইবে , অন্য কোন অনুমোদিত ব্যাক্তিকে দেওয়া হইবে না। এই প্রবেশ পত্র বিতরণের তারিখ ও সময় সংক্রান্ত বিজ্ঞপ্তি গাইঘাটা শিশু বিকাশ প্রকল্প আধিকারীকের করণ হতে পরে প্রকাশিত হবে। |
| ১৫ | আবেদন পত্রে নমুনা | আবেদন পত্রের নমুনা অনুযায়ী ফুলস্ক্যাপ সাদা কাগজে স্বহস্তে লিখিত, টাইপ করে বা ছাপানো এবং অবশ্যই স্বাক্ষরিত হতে হবে।অন্যথায় আবেদন পত্র বাতিল হতে পারে।কেবলমাত্র অফিস থেকে অথবা জেলা ওয়েবসাইটে দেওয়া নির্দিষ্ট নমুনা আবেদন পত্র অনুযায়ী আবেদন করতে হবে । |
| ১৬ | প্রত্যয়ন | আবেদন পত্রের সঙ্গে দেওয়া প্রমাণ পত্রের এবং শাংসাপত্রের প্রতিলিপি স্বপ্রত্যায়িত হতে হবে । |
| ১৭ | আবেদন পত্রের সঙ্গে দেওয়া প্রমাণ পত্রের এবং শাংসাপত্রের প্রতিলিপি | ১। দুইটি স্বপ্রত্যয়িত সাম্প্রতিকতম পাসপোর্ট মাপের ছবি (একটি খামে, অন্যটি দরখাস্তে),<br>২। বয়সের প্রমাণ (মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার প্রবেশপত্র/শাংসাপত্র),<br>৩। বাসস্থানের প্রমাণপত্র ঃ রেশন কার্ড ও ভোটার আই.ডি. কার্ডের প্রত্যায়িত ফোটোকপি ।তৎসহ সংসদ, মন্ত্রী, বিধায়ক, ডি.এম., এ.ডি.এম, এস.ডি.ও, বি.ডি.ও পঞ্চায়েত সমিতির সভাপতি, পঞ্চায়েত প্রধান, কর্তৃক বিজ্ঞপ্তি প্রকাশের তারিখের পরের যে কোন তারিখে প্রদত্ত বাসস্থানের প্রমানপত্র (য়ে কোন একটি)।<br>৪। নূন্যতম শিক্ষাগত যোগ্যতার প্রমানপত্র।<br>৫। তপশীলি জাতি, তপশীলি উপজাতি ও অনগ্রসর জাতি হলে সংরক্ষণের সুবিধা পাওয়ার ক্ষেত্রে কেবলমাত্র সংশ্লিষ্ট সরকারী দপ্তর প্রদত্ত ও প্রত্যয়িত গ্রাহ্য হইবে। |

## বিশেষ দ্রষ্টব্য ঃ-

এই নিয়োগ নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ দপ্তরের আদেশ নামা যথাক্রমে ২৮৮- এস ডব্লিউ , তারিখ- ২৫/০১/২০০৬ , ৯৫৩০-এস ডব্লিউ , তারিখ- ০৯/১১/২০১২, ৬০০৩-এস ডব্লিউ , তারিখ- ১৪/০৯/২০১২, ৭২-এস ডব্লিউ , তারিখ- ০৪/০১/২০১৩, ১১০৪-এস ডব্লিউ ,তারিখ- ২১/০৩/২০১৩ এবং ৩১০৪-এস ডব্লিউ ,তারিখ- ১৯/০৯/২০১৩ এবং ৪০৩৯-এস. ডব্লউ/৩ এস-২২৫/০৫, তারিখ-২০/১২/২০১৩ এবং ৪০৪০-এস. ডব্লউ/৩ এস-২২৫/০৫, তারিখ-২০/১২/২০১৩ ,১০৭৯ এল তাং ৫/৫/১৯৭৬, ডব্ল বি এসসি / ২৪৭ তাং ৩/১/২০১৪ অনুযায়ী সম্পাদিত হবে।

১) এই নিযুক্তি সম্পর্কে বিশদ বিবরণ যে কোন কাজের দিন বেলা ১১টা হইতে ৩টা অবধি শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণে পাওয়া যাইবে।
২) কোন তথ্য ভুল বা অসংগত দিলে, উপরোক্ত শর্ত লঙ্ঘন করলে আবেদন পত্র বাতিল বলে গণ্য হইবে ও এ বিষয়ে কোন কারণ দর্শানো হইবে না।
৩) শুধুমাত্র নির্ভূল আবেদন পত্রের ভিত্তিতেই পরীক্ষার প্রবেশপত্র পাওয়া যাইবে।
৪) আবেদন পত্রে কোন অস্বাক্ষরিত পরিবর্তন অসংগত বলে বিবেচিত হইবে।
৫) জমা আবেদন পত্রে কোনও পরিবর্তনের অনুরোধ বিবেচিত হইবে না।
৬) পদে নিযুক্তির পরে যদি জানা যায় কোন তথ্য ভুল বা অসংগত ছিল বা উপরোক্ত শর্ত লঙ্ঘন করেছিল তৎক্ষনাৎ সেই নিযুক্তি বাতিল হইবে।
৭) কোন পরীক্ষায় উপস্থিত হবার জন্য কোন গাড়ী ভাড়া বা রাহা খরচ পাওয়া যাবে না।

শিশু বিকাশ প্রকল্প আধিকারীক
গাইঘাটা সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প
উত্তর ২৪ পরগনা

স্মারক সংখ্যা-- ১৬২(৩৫)/আইসিডি/গাই

তারিখ- ১১/৬/২০১৮

জ্ঞাতার্থে ও ব্যাপক প্রচারের উদ্দেশ্যে সংশ্লিষ্ট কার্য্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ সহ অনুলিপি প্রেরণ করা হইল :-

১। যুগ্ম সচিব , নারী ও শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ বিভাগ , পশ্চিমবঙ্গ সরকার , মহাকরণ , কলকাতা-৭০০০০১ ।

২। সমাজ কল্যাণ অধিকর্তা , পশ্চিমবঙ্গ সরকার , জুভেনাইল কোর্ট বিল্ডিং , সল্ট লেক সিটি , সেক্টর-১ , কলকাতা-৭০০০৬৪ ।

৩। তথ্য ও সম্প্রচার অধিকর্তা , পশ্চিমবঙ্গ সরকার , মহাকরণ , কলকাতা-৭০০০০১ , সংবাদপত্রে প্রকাশের অনুরোধ সহ ।

৪। জেলা সমাহর্তা, উত্তর ২৪ পরগণা।

৫। মাননীয় মহাকুমা শাসক বনগাঁ., উত্তর ২৪ পরগনা , পশ্চিমবঙ্গ ।
৬। মাননীয় জিলা প্রকল্প আধিকারিক (আই,সি,ডি,এস ) , উত্তর ২৪ পরগনা , পশ্চিমবঙ্গ ।

৭। মাননীয় বিধায়ক , গাইঘাটা /বনগাঁ দক্ষিন., উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ ।
৮। মাননীয় সভাপতি, গাইঘাটা পঞ্চায়েত সমিতি, উত্তর ২৪ পরগনা ।

৯। মাননীয় সমষ্টি উন্নয়ন আধিকারিক , গাইঘাটা, উত্তর ২৪ পরগনা ।

১০। মাননীয় বি . এম. ও. এইচ., গাইঘাটা ব্লক, উত্তর ২৪ পরগনা ।

১১। মাননীয় ভারপ্রাপ্ত আধিকারিক, গাইঘাটা থানা, উত্তর ২৪ পরগনা।

১২ মাননীয় ব্লক ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, গাইঘাটা, উত্তর ২৪ পরগনা ।

১৩-১৯। মাননীয় প্রধান, ---------------------------------------- গ্রাম পঞ্চায়েত, গাইঘাটা ব্লক, উত্তর ২৪ পরগনা ।

২০। অফিস নোটিস বোর্ড।

২১। অফিস কপি।

শিশু বিকাশ প্রকল্প আধিকারীক
গাইঘাটা সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প
উত্তর ২৪ পরগনা

# নমুনা আবেদন পত্র

নিজ নামে স্বাক্ষরিত
এক কপি পাসপোর্ট
মাপের ছবি

রেজিষ্ট্রার সিরিয়াল নং- ------------------------------ (অফিসের ব্যবহারের জন্য)
প্রতি
শিশু বিকাশ প্রকল্প আধিকারীক
গাইঘাটা সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প , উত্তর ২৪ পরগনা

মহাশয় / **মহাশয়া** ,
আপনার করণ হইতে প্রকাশিত স্মারক সংখ্যা-- ,তারিখ- / /২০১৮, অনুযায়ী আমি গাইঘাটা সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে অঙ্গণওয়াড়ী কর্মী / অঙ্গণওয়াড়ী সহায়িকা পদের জন্য প্রার্থী হিসাবে আবেদন করছি । নিম্নে আমার সম্পর্কে প্রয়োজনীয় তথ্যসমূহ প্রদত্ত হইল :-

(১) নাম :-

(২) পিতা/স্বামীর নাম/মাতার নাম :-

(৩) পূর্ণ স্থায়ী বসবাসের ঠিকানা :-

(৪) যে গ্রাম পঞ্চায়েতের স্থায়ী
বাসিন্দা তার নাম :-

(৫) জন্ম তারিখ :-

(৬) বয়স ( ০১/০১/২০১৮ এর নিরিখে ) :-

(৭) সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা :-

(৮) জাতি (তপশিলী জাতি/উপজাতি/অন্যান্য অনগ্রসর শ্রেনী
--কোন জাতি লিখুন ) :-

(৯) জাতীয়তা :-

(১০) প্রতিবন্ধী কিনা (হলে কি জাতীয় প্রতিবন্ধী ) :-

আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে আপনার করণ হইতে প্রকাশিত বিজ্ঞপ্তি নং- / তারিখ- / / ,আমি সম্পূর্ণ পড়িয়া ও অনুধাবন করিয়া সকল শর্তসাপেক্ষে জ্ঞানত এই পদে নিযুক্তির জন্য আবেদন করিতেছি। উপরোক্ত সকল তথ্য / / তারিখের নিরিখে আমার জ্ঞানত সম্পূর্ণ ও সর্বৈব সত্য। কোন ভূল বা অসঙ্গত তথ্য দেওয়ার দায় সম্পূর্ণরূপে আমার ও ইহার জন্য আমার আবেদন পত্র বতিল হইলে বা আমার নিযুক্তি প্রত্যাহৃত হইলে বা অন্যান্য সরকারী আইন মোতাবেক আমার বিরূদ্ধে ব্যবস্থা গৃহীত হইলে আমার কোন আপত্তি থাকিবে না। আমি আমার সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা,বাসস্থান সম্পর্কে কোন মিথ্যা তথ্য লিপিবদ্ধ করিনি ।

তারিখ:-
স্থান :-

বিনীত

দরখাস্তের সহিত দাখিলীকৃত নথিপত্রের তালিকা :
১)
২)
৩)

---------------------------------
(আবেদনকারিনীর পূর্ণ স্বাক্ষর)

বিঃদ্রঃ আবেদন পত্র জমা দেবার সময় অন্যান্য নথিপত্রের সঙ্গে নিজ নাম ও ঠিকানা (পিন নং সহ) লেখা ৫ (পাঁচ ) টাকার ডাকটিকিট সাঁটা একটি খাম দিতে হবে ।

পশ্চিমবঙ্গ সরকার
গাইঘাটা সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
উত্তর ২৪ পরগনা

স্মারক সংখ্যা-- ১৬৩/আইসিডি/গাই

তারিখ- ১১/৬/২০১৮

# বিজ্ঞপ্তি

উত্তর ২৪ পরগনার জেলার অন্তর্গত গাইঘাটা আই.সি.ডি.এস প্রকল্পে কিছু সংখ্যক অঙ্গনওয়ারী কর্মী ও সহায়িকার শূন্য পদে নিয়োগ করা হবে । প্রকল্প ও পঞ্চায়েত ভিত্তিক শূন্যপদের বিস্তারিত তথ্যের জন্য এবং আবেদন পত্র জমা করার নিয়ম সংক্রান্ত বিষয়ে বিশদে জানার জন্য গাইঘাটা আই . সি . ডি . এস অফিসে ইচ্ছুক ব্যক্তিদের যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে। উত্তর ২৪ পরগনা জেলা ওয়েবসাইটে (www.north24parganas.gov.in) ও এই সংক্রান্ত বিশদ তথ্য পাওয়া যাবে ।

প্রকল্প আধিকারিক, গাইঘাটা আই.সি.ডি.এস
উত্তর ২৪ পরগনা